

# Dr. Abdullah Abdullah, Chairman, High Council for National Reconciliation of Afghanistan meets Prime Minister

October 08, 2020

আফগানিস্তানের জাতীয় সমন্বয়-সাধনের উচ্চ পরিষদের চেয়ারম্যান  
ড. আবদুল্লা আবদুল্লার প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ  
অক্টোবর 08, 2020

আফগানিস্তানের জাতীয় সমন্বয়-সাধনের উচ্চ পরিষদের চেয়ারম্যান ড. আবদুল্লা আবদুল্লা আজ (অক্টোবর 08) সকালে প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেছেন। সরকারের প্রতিবেশী প্রথম নীতির সাথে সামুজ্য রেখে ভারত এবং আফগানিস্তানের মধ্যে ঐতিহাসিক মৈত্রী বন্ধনকে আরও গভীর করার দীর্ঘস্থায়ী অঙ্গীকারের কথা প্রধানমন্ত্রী পুনরায় সুনিশ্চিত করেছেন। দুই নেতা দ্বিপাক্ষিক এবং আঞ্চলিক স্বার্থের বিষয় নিয়ে আলোচনা করেছেন। ড. আবদুল্লা আবদুল্লা প্রধানমন্ত্রীর আফগানিস্তানের শান্তি প্রক্রিয়া এবং দোহাতে চালু থাকা কথাবার্তার সমক্ষিপ্ত বিবরণ দিয়েছেন।

আফগানিস্তানের সাথে ভারতের বিকাশ সহযোগিতা সহ দ্বিপাক্ষিক বিষয়গুলি নিয়ে আলোচনা হয়েছে।

ড. আবদুল্লা আবদুল্লা 3 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পে ভারতের বিকাশসাধন অঙ্গীকারের প্রশংসা করেছেন, যার অধীনে 34 টি রাজ্য ব্যাপী আফগানবাসীরা উপকৃত হচ্ছে।

প্রধানমন্ত্রী আফগানিস্তানের স্থায়ী শান্তি এবং সমৃদ্ধির প্রতি ভারতের অঙ্গীকারের কথা পুনরায় উল্লেখ করেছেন এবং আফগানিস্তানে ব্যাপক ও স্থায়ী যুদ্ধবিরতির প্রচেষ্টাকে স্বাগত জানিয়েছেন।

জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী অজিত ডোভাল অক্টোবর 7 তারিখে ড. আবদুল্লা আবদুল্লা-র সাথে সাক্ষাৎ করেন এবং আফগানিস্তান জুড়ে হিংসাত্মক কার্যকলাপের বৃদ্ধি ও এই অঞ্চলে শান্তি এবং সুরক্ষা সহ আফগান শান্তি প্রক্রিয়া সম্পর্কিত বিষয় নিয়ে আলোচনা করেছেন। বিদেশ মন্ত্রী ড. এস জয়শংকর আগামী কাল অর্থাৎ 09 অক্টোবর 2020 তারিখে ড. আবদুল্লা আবদুল্লার সাথে সাক্ষাৎ করবেন।

নিউ দিল্লি

অক্টোবর 08, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.